রেজিষ্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জানুয়ারি ২০, ২০০০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(শুল্ক)

## আদেশ

তারিখ, ১৯শে জানুয়ারি ২০০০/৬ই মাঘ ১৪০৬

এস, আর, ও নং ১২/আইন/২০০০/১৮১০/শুল্ক—The Customs Act, 1969 (IV of 1969) এর Section 21 এর clause (a)-তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কলিকাতা ও ঢাকার মধ্যে চলাচলকারী যাত্রীবাহী বাস এবং উক্ত বাসের প্রয়োজনীয় যন্ত্রাংশ, জ্বালানী ও অন্যান্য ব্যবহার্য দ্রব্য ভারত হইতে বাংলাদেশে, নিম্নবর্ণিত শর্তাবলী সাপেক্ষে, শুল্ক (আমদানি) কর পরিশোধ ব্যতিরেকে আমদানির অনুমতি প্রদান করিল, যথা:—

### শর্তসমূহ

১। উল্লিখিত যাত্রীবাহী বাস বাংলাদেশ ও ভারতের মধ্যে সম্পাদিত Agreement for Regulation of Motor Vehicle Passenger Traffic এর অধীন কলিকাতা ও ঢাকার মধ্যে চলাচলকারী হইতে হইবে;

২। উল্লিখিত যাত্রীবাহী বাস বাংলাদেশে আমদানির তারিখ হইতে ত্রিশ দিনের অধিক বাংলাদেশে অবস্থান করিতে পারিবে না এবং উক্ত মেয়াদ অতিক্রান্ত হওয়ার পূর্বে উহা ভারতে পুনঃরপ্তানী করা হইবে মর্মে সংশ্লিষ্ট বাসের মালিক বা চালকের নিশ্চয়তাসহ একটি বন্ড উক্ত বাস আমদানির সময়ে বেনাপোল কাস্টমস্ কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে; এবং

৩। উল্লিখিত যাত্রীবাহী বাসের প্রয়োজনীয় যন্ত্রাংশ, জ্বালানী এবং অন্যান্য ব্যবহার্য দ্রব্য উক্ত বাস চলাচলের প্রয়োজনে একই সংগে আমদানি করিতে হইবে এবং অব্যবহৃত যন্ত্রাংশ, জ্বালানী ও অন্যান্য ব্যবহার্য দ্রব্য উক্ত বাস পুনঃরপ্তানির সময় পুনঃরপ্তানি করিতে হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

মোহাম্মদ আলম
প্রথম সচিব (শুল্ক)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।